

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
উন্নয়ন শাখা-১

নং অম/অবি/উ:-১/বিবিধ-৫২/৯৬/৬৭

তারিখ:- ২২/০৪/২০০১ খ্রি:

পরিপত্র

বিষয় : উন্নয়ন প্রকল্পে সাকল্যা ও স্কেলভিত্তিক জনবল নিয়োগ প্রসঙ্গে।

সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, উন্নয়ন প্রকল্পে নিয়োগ, মেয়াদকাল ও জনবলের বেতন নির্ধারণের ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবে :-

- ১। ১লা জুলাই ১৯৯৭ থেকে শুরু হওয়া সকল প্রকল্পের (দ্বিতীয়, তৃতীয় বা পরবর্তী পর্যায়ের প্রকল্পসহ) লোকবলকে, নিম্নে অনুচ্ছেদ নং ২তে বর্ণিত ক্ষেত্রে ব্যতিত, সাকল্যা বেতনে নিয়োগ করতে হবে। সংযোজনী - ক তে প্রদর্শিত সাকল্যা বেতন কাঠামো অনুযায়ী বিভিন্ন গ্রেডে নিয়োজিত লোকবলকে বেতন প্রদান করতে হবে। প্রকল্প সমাপ্তির পর সাকল্যা বেতনে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীগণ অর্থ বিভাগের অম/অবি/উ:-১/বিবিধ-৫২/৯৬/৪১৬ তারিখ : ১৪-১০-১৯৯৭ সারক অনুযায়ী আর্থিক সুবিধা প্রাপ্য হবেন।
- ২। প্রকল্পে অন্তর্ভুক্ত শিক্ষক ও চিকিৎসক পদের মধ্যে যে সকল পদ প্রকল্প সমাপ্তির পর রাজস্ব খাতে স্থানান্তরিত হওয়ার যোগ্য ঐ সকল পদে সাকল্যা বেতনের পরিবর্তে স্কেল ভিত্তিক লোকবল নিয়োগ প্রদান করা যেতে পারে। তবে এ ধরনের ব্যতিক্রম করার জন্য ঐ সকল পদ ও পদের সংখ্যা প্রকল্প সারপত্রে স্পষ্ট করে উল্লেখ করতে হবে এবং একনেক (ECNEC) থেকে এ ধরনের ব্যতিক্রমের জন্য প্রতিক্ষেত্রে অনুমোদন নিতে হবে। বিষয়টি একনেক (ECNEC) সভার কার্যবিবরণীতে সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে।
- ৩। উপরোক্ত সিদ্ধান্ত অনুযায়ী সংশ্লিষ্ট পিসিপি/পিপি প্রয়োজনীয় সংশোধন/প্রণয়নের জন্য সকল মন্ত্রণালয়/বিভাগকে অনুরোধ করা হল।

স্বাক্ষর/-

(সমর চন্দ্র সিনহা)

উপ-সচিব।

ফোন- ৮৬১৮৩৯৫

- ১। মন্ত্রি পরিষদ সচিব/মুখ্য সচিব, প্রধান মন্ত্রির কার্যালয়।
- ২। সচিব, -----মন্ত্রণালয়/বিভাগ।
- ৩। সদস্য (সকল),-----বিভাগ,পরিকল্পনা কমিশন।
- ৪। হিসাব মহা নিয়ন্ত্রক, সেগুন বাগিচা, ঢাকা, বাংলাদেশ।
- ৫। সকল কর্মকর্তা, অর্থ বিভাগ।

নং অম/অবি/উ:-১/বিবিধ-৫২/৯৬/৬৭

তারিখ : ২২/০৪/২০০১ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে :

- ১। অর্থ মন্ত্রীর মহোদয়ের একান্ত সচিব,
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
- ২। মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট হাউস, ঢাকা, বাংলাদেশ।

স্বাক্ষর/-

(মোঃ আবদুল হালিম)

সিনিয়র সহকারী সচিব

সংশোধিত সাকুল্যে বেতন নির্ধারণী ছক

শ্রেণি	প্রারম্ভিক বেতন	বাড়ি ভাড়া	টিফিন ভাতা	মোট সাকুল্যে বেতন
শ্রেণি নং-১	১৫,০০০	৬০০০.০০	২০০.০০	২১,২০০.০০
শ্রেণি নং-২	১২,৯০০	৫,১৬০.০০	২০০.০০	১৮,২৬০.০০
শ্রেণি নং-৩	১১,৭০০	৪,৬৮০.০০	২০০.০০	১৬,৫৮০.০০
শ্রেণি নং-৪	১০,৭০০	৪,২৮০.০০	২০০.০০	১৫,১৮০.০০
শ্রেণি নং-৫	৯,৫০০	৪,০৫০.০০	২০০.০০	১৩,৭৫০.০০
শ্রেণি নং-৬	৭,২০০	৩,২৪০.০০	২০০.০০	১০,৬৪০.০০
শ্রেণি নং-৭	৬,১৫০	২,৭৬৮.০০	২০০.০০	৯,১১৮.০০
শ্রেণি নং-৮	৪,৮০০	২,১৬০.০০	২০০.০০	৭,১৬০.০০
শ্রেণি নং-৯	৪,৩০০	১,৯৩৫.০০	২০০.০০	৬,৪৩৫.০০
শ্রেণি নং-১০	৩,৪০০	১,৭০০.০০	২০০.০০	৫,৩০০.০০
শ্রেণি নং-১১	২,৫৫০	১,২৭৫.০০	২০০.০০	৪,০২৫.০০
শ্রেণি নং-১২	২,৩৭৫	১,১৮৮.০০	২০০.০০	৩,৭৬৩.০০
শ্রেণি নং-১৩	২,২৫০	১,১২৫.০০	২০০.০০	৩,৫৭৫.০০
শ্রেণি নং-১৪	২,১০০	১,০৫০.০০	২০০.০০	৩,৩৫০.০০
শ্রেণি নং-১৫	১,৯৭৫	৯৯০.০০	২০০.০০	৩,১৬৫.০০
শ্রেণি নং-১৬	১,৮৭৫	৯৯০.০০	২০০.০০	৩,০৬৫.০০
শ্রেণি নং-১৭	১,৭৫০	৯৬৩.০০	২০০.০০	২,৯১৩.০০
শ্রেণি নং-১৮	১,৬২৫	৮৯৪.০০	২০০.০০	২,৭১৯.০০
শ্রেণি নং-১৯	১,৫৬০	৮৫৮.০০	২০০.০০	২,৬১৮.০০
শ্রেণি নং-২০	১,৫০০	৮৫০.০০	২০০.০০	২,৫৫০.০০

- বাড়ি ভাড়া :
যে সকল প্রকল্পের জন্য বাসস্থানের ব্যবস্থা করা আছে সে সকল প্রকল্পের জন্য ৩ নং কলাম প্রযোজ্য হবে না।
- উৎসব ভাতা/টি,এ,ডি,এ :
উৎসব ভাতা প্রদান এবং টি,এ,ডি,এ, নির্ধারণের ক্ষেত্রে উক্ত ২ নং কলামে প্রদর্শিত প্রারম্ভিক বেতনকে মূল বেতন হিসাবে ধরা যেতে পারে।
- টিফিন ভাতা :
যে সকল কর্মচারী তাদের প্রতিষ্ঠান থেকে লাঞ্চ ভাতা পান না, তাদের ক্ষেত্রে ১০০/- (একশত টাকা) হারে টিফিন ভাতাসহ সাকুল্যে বেতন প্রদান করতে হবে।
- পাহাড়ী ভাতা :
পার্বত্য জেলাসমূহে নিযুক্ত সকল কর্মকর্তা ও কর্মচারীকে ২ নং কলামে প্রদর্শিত প্রারম্ভিক বেতনের ৩০ % হারে সর্বোচ্চ মাসিক ১২০০ (এক হাজার দুই শত) টাকা পাহাড়ী ভাতা প্রদান করতে হবে।
- যাতায়াত ভাতা :
উক্ত শ্রেণি নং-১১ থেকে ২০ নং শ্রেণি জুড়ে কর্মচারীগণের কর্মস্থল ঢাকা, নারায়নগঞ্জ, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট এর সিটি কর্পোরেশন/পৌরএলাকায় অবস্থিত হলে তিনি মাসিক ৮০/- (আশি) টাকা হারে যাতায়াত ভাতাও পাবেন।
- আয়কর :
আয়কর প্রদানের ক্ষেত্রে বর্তমানে প্রচলিত সরকারী বিধি বিধান প্রযোজ্য হবে।